

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৮.৯৩-৫৫

তারিখ : ২২ বৈশাখ ১৪৩৩
০৫ মে ২০২৬

বিষয় : ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩৭ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩৭ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মুহাম্মদ আমিনুল ইসলামের বিরুদ্ধে আনীত জনাব আবদুল্লাহ আল আউয়াল নির্ব্বরের সাথে জনৈক ফারিয়া ইসলাম তুলির বাল্যবিবাহ নিবন্ধন করার অভিযোগ, গত ০৪/০৬/২০২১ খ্রি. তারিখে এবং ০৯/০৬/২৪ খ্রি. তারিখে পরস্পর বিরোধী দুটি প্রত্যয়নপত্র ইস্যু করার অভিযোগসহ নিকাহ রেজিস্ট্রারের সহকারী নিয়োগ করতঃ তার হেফাজতে বাল্য বিবাহ রেখে অধিক্ষেত্রের বাইরে বিবাহ নিবন্ধন করানোর অভিযোগসমূহ তার স্বীকৃতির ভিত্তিতে তদন্তে প্রমাণিত হওয়ায় ও তদপ্রেক্ষিতে তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হলে তিনি অদ্যাবধি কোন জবাব দাখিল না করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সল্লিকটবর্তী) ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম এর নিকট হতে বাল্য বিবাহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো। মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ৬ বিধি অনুযায়ী শূন্য ঘোষিত উক্ত অধিক্ষেত্রে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার-কে অবহিত করা হলো।

জেলা রেজিস্ট্রার
ঢাকা।

স্বা.
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮
ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০৮.৯৩-৫৫

তারিখ : ২২ বৈশাখ ১৪৩৩
০৫ মে ২০২৬

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৬. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৯. সাব-রেজিস্ট্রার, সূত্রাপুর, ঢাকা।
১০. ইনচার্জ অফিসার, কোতয়ালী, ডিএমপি, ঢাকা।
১১. জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম (সাবেক নিকাহ রেজিস্ট্রার), পিতা- আমিরুদ্দিন, ১২৬ শাখারী বাজার, কোতয়ালী, ঢাকা।
১২. অফিস কপি/গার্ড ফাইল।


০৫/০৫/২০২৬
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮